

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭৯

অমরপুর, ২৯ জুন, ২০২৪

অমরপুর মহকুমায় প্রাণী খাদ্য চাষে সহায়তা

অমরপুর মহকুমায় চলতি অর্থবছরে ৮ জনকে প্রাণী খাদ্য ঘাস চাষে সহায়তা দেওয়া হবে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের রাজ্য পরিকল্পনায় এই কর্মসূচিতে মহকুমার অমরপুর ইউনিয়ন ও অসম ইউনিয়নে ২ জন প্রাণীপালক উপকৃত হবেন। এজন্য ব্যয় হবে ৯৬ হাজার টাকা। তাছাড়াও মহকুমার অসম ইউনিয়নে ২ জন প্রাণীপালককে শিমুল আলু ও অমরপুর ইউনিয়নের ৩ জন প্রাণীপালককে অ্যাজলা চাষে সহায়তা দেওয়া হবে। এজন্য ব্যয় হবে ৩৯ হাজার টাকা। মহকুমা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের সহ অধিকর্তা এই সংবাদ জানিয়ে বলেন, অসম ইউনিয়নের ১৫ জন প্রাণীপালক ও অমরপুর ইউনিয়নের ২০ জন প্রাণীপালককে মরশ্ডি ঘাস চাষে সহায়তা দেওয়া হবে।
